চেলসির সঙ্গে ড্র, শীর্ষে ফিরলো টটেনহ্যাম

ইংলিশ প্রিমিয়ার লিগে রবিবার রাতে চেলসির সঙ্গে গোলশূন্য ড্র করেছে টটেনহ্যাম হটস্পার। চেলসি বল দখলে এগিয়ে থাকলেও জালের নাগাল পায়নি টটেনহ্যামের। অবশ্য উভয় দলই হার এড়াতে রক্ষণাত্মক পন্থা অবলম্বন করে খেলেছে।

এদিকে, এই ড্রয়ে লিভারপুলকে গোল ব্যবধানে পেছনে ফেলে আবারও পয়েন্ট টেবিলের শীর্ষে ফিরেছে হোসে মরিনহোর শিষ্যরা। ১০ ম্যাচ থেকে টটেনহ্যামের সংগ্রহ ২১ পয়েন্ট। সমান ম্যাচ থেকে লিভারপুলের সংগ্রহও ২১ পয়েন্ট। তবে গোল ব্যবধানে এগিয়ে আছে টটেনহ্যাম। অন্যদিকে সমান ম্যাচ থেকে ১৯ পয়েন্ট নিয়ে চেলসি রয়েছে তৃতীয় স্থানে।

অবশ্য টটেনহ্যাম কোচ হোসে মরিনহো এমন ড্রয়ে খুশি হতে না পারলেও অসন্তুষ্ট নন। ম্যাচ শেষে তিনি যেমনটা বলেছেন, ‘এই ম্যাচ থেকে যে জিনিসটি আমি নিতে পারি সেটা হলো সাধারণত ড্র একটি ইতিবাচক ফল। আর এমন ড্রয়ে পয়েন্ট টেবিলের শীর্ষে অবস্থান নেওয়াটাও ইতিবাচক ব্যাপার।

তবে ড্রেসিং রুম এই ফলে খুশী নয়। আমরাও খুশি নই। তবে আমার জন্য ব্যাপারটা দারুণ। কারণ, খেলোয়াড়দের মানসিকতা বদলাচ্ছে।’

জীবননগরে জমি নিয়ে সংঘর্ষে ৬ জন আহত

জীবননগরে জমি নিয়ে বিরোধে কলেজছাত্রীসহ দুই পরিবারের ৬ জন গুরুতর আহত হয়েছে। গতকাল রবিবার দুপুর ১ টার সময় জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের বেনীপুরে এ ঘটনা ঘটে।

জানা গেছে, বেনীপুর গ্রামের হাফিজুল এবং খোকনের সাথে জমি নিয়ে

দীর্ঘদিন বিরোধ চলছে। এই বিরোধকে কেন্দ্র করে দুই পরিবারের সদস্যদের মধ্যে হাতা-হাতি হয় । এক পর্যায়ে হাফিজুর খোকনের কলেজ পড়ুয়া মেয়েকে মারধর করে এবং জোরপূর্বক হাতে কামড়ে দেয়।

খোকন প্রতিবাদ করলে দুই পরিবারের মধ্যে শুরু হয় রক্তক্ষয়ী সংঘর্ষ, যাতে গুরুতর আহত হয় খোকন, খোকনের ছেলে আবির, হাফিজুল, রেকসোনা ও হাজেরা । এ সময় স্থানীয় জনগণ তাদের উদ্ধার করে চিকিৎসার জন্য জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন ।

আহত খোকন অভিযোগ করে বলেন, হাফিজুর ভারত থেকে তারকাটা কেটে গরু নিয়ে আসতো। সে প্রায় রাতে আমাদের জমিতে গরু এনে বেঁধে রাখতো । আমি নিষেধ করায় আমাকে না পেয়ে সে আমার মেয়েকে মারধর করে । আমরা প্রতিবাদ করায় আমার ছেলেকেও মারধর করে ।

আহত হাফিজুর বলেন, আমার বিরুদ্ধে যে অভিযোগ করেছে তা সঠিক না। তারা আমাকে এবং আমার বোনদের মেরে রক্তাক্ত করেছে।

জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডাঃ মাহমুদ বিন হেদায়েত সেতু বলেন, দুই পক্ষের সবাই হাসপাতালে রক্তাক্ত অবস্থায় আসলে তাদের সবার চিকিৎসা দেওয়া হয়েছে, সবাই আশঙ্কা মুক্ত।

জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, বেনীপুর গ্রামে জমি বিরোধকে কেন্দ্র করে মারামারির ঘটনায় দুই পক্ষ থানায় অভিযোগ করেছে । বিষয়টি তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে ।

ঝিনাইদহে আন্তঃউপজেলা ভলিবল টুর্নামেন্টের উদ্বোধন

ঝিনাইদহে মুজিব শতবর্ষ উপলক্ষে জেলা প্রশাসন ও জেলা ক্রীড়া সংস্থার আয়োজনে আন্তঃউপজেলা ভলিবল টুর্নামেন্টের উদ্বোধন হয়েছে ।

গতকাল রবিবার বিকেলে শহরের বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়ামে এ টুর্নামেন্টের উদ্বোধন করেন মুক্তিযুদ্ধকালীন ঝিনাইদহের এসডিপিও বীর বিক্রম মাহবুব উদ্দিন আহমেদ।

জেলা প্রশাসক সরোজ কুমার নাথ এর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সভাপতি ও শৈলকুপা-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই, সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য খালেদা খানম, যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশী রাষ্ট্রদূত এম শহীদুল ইসলাম, পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম,

জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌরসভার মেয়র আলহাজ সাইদুল করিম মিন্টু, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আরিফ-উজ-জামান, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সেলিম রেজা, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ, সরকারি কমিশনার (ভূমি) খান মোঃ আব্দুল্লা আল মামুন, জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক এম হাকিম বিশ্বাস, সদর উপজেলা ভাইস চেয়ারম্যান রাশিদুর রহমান রাসেল, জিপি এ্যাড. বিকাশ কুমার ঘোষ।

উদ্বোধনী খেলায় মুখোমুখি হয় ঝিনাইদহ সদর ও শৈলকুপা উপজেলা দল । এ টুর্নামেন্ট চলবে আগামী ৬ ডিসেম্বর পর্যন্ত। এতে জেলার ৬ উপজেলার ভলিবল দল অংশগ্রহণ করবে।

ঝিনাইদহে প্রতিবন্ধী বিদ্যালয়ের স্বীকৃতি ও এমপিও ভুক্তির দাবিতে মানববন্ধন

ঝিনাইদহে প্রতিবন্ধী বিদ্যালয় স্বীকৃতি ও এমপিও ভুক্তিসহ ১১ দফা দাবিতে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে।

গতকাল রবিবার সকালে শহরের পায়রা চত্ত্বরে বাংলাদেশ প্রতিবন্ধী বিদ্যালয় শিক্ষক-কর্মচারী ঐক্যপরিষদ ঝিনাইদহ জেলা শাখা এ আয়োজন করে।

এ সময় বক্তব্য রাখেন বাংলাদেশ প্রতিবন্ধী বিদ্যালয় শিক্ষক-কর্মচারী ঐক্যপরিষদ ঝিনাইদহ জেলা শাখার সভাপতি আব্দুস সামাদ শফি, সাধারণ সম্পাদক আসাদুর রহমান, সহ-সভাপতি গিয়াস উদ্দিন, ফারহানা মুর্শিদা, সহ-সাধারণ সম্পাদক মানিক মিয়া, সাংগঠনিক সম্পাদক আসলাম উদ্দিন, অর্থ-সম্পাদক নার্গিস আক্তার, প্রচার সম্পাদক সালমা খাতুন, সদস্য কবির উদ্দিন, তোফাজ্জেল হোসেন, রেশমা রহমান, রিজভী আহমেদ ও আব্দুল হান্নান।

বক্তারা, প্রতিবন্ধীতা সম্পর্কিত সম্মিলিত বিশেষ শিক্ষা নীতিমালা অনুযায়ী বিদ্যালয় সমূহের স্বীকৃতি ও এমপিও প্রদান, স্বীকৃতির তারিখ হতে শতভাগ বেতন ভাতা ও সকল সুবিধা প্রদান নিশ্চিত, সকল বিদ্যালয়ের প্রতিবন্ধী ছাত্র/ছাত্রীদের শতভাগ উপবৃত্তি প্রদান, সকল বিদ্যালয়ের প্রতিবন্ধী বিদ্যালয়ের শিক্ষা কারিকুলাম অনুযায়ী বিনামূল্যে পাঠ্য পুস্তক বিতরণ নিশ্চিত করা সহ ১১ দফা দাবি বাস্তবায়নের জন্য সরকারের কাছে জোর দাবি জানান।

পরে নেতৃবৃন্দ জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্বারকলিপি পেশ করেন। মানববন্ধনে ঝিনাইদহ জেলার ৬ উপজেলার সকল শিক্ষক কর্মচারীরা অংশ নেয়।

ঝিনাইদহে বীর বিক্রম মাহবুব উদ্দিন’র নামে সড়ক উদ্বোধন

ঝিনাইদহের সাবেক এসডিপিও বীর বিক্রম মাহবুব উদ্দিন আহমেদ’র নামে ঝিনাইদহে সড়ক উদ্বোধন ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার সকালে ঝিনাইদহ পৌরসভার আয়োজনে মাহবুব উদ্দিন আহমেদ (বীর বিক্রম) এই নাম ফলকে সড়ক উদ্বোধন শেষে শহরের (গিলাবাড়ীয়া) আয়েশা কনভেনশন সেন্টারে এক মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়।

পৌর মেয়র ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে স্মৃতিচারণ মূলক বক্তব্য

রাখেন ১৯৭১ সালে যুদ্ধকালীন ঝিনাইদহ মহাকুমার এসডিপিও বীর বিক্রম মাহবুব উদ্দিন।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ, পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম, সাবেক জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার মকবুল হোসেন, কেসি কলেজের অধ্যক্ষ বি এম রেজাউল করিম, আইনজীবী সমিতির সভাপতি খান আক্তারুজ্জামান, পিপি ইসমাইল হোসেন ।

এছাড়াও স্মৃতিচারণ করেন তৎকালীন রণাঙ্গনের বীর মুক্তিযোদ্ধা মতিয়ার রহমান মন্টু, গোলাম মোস্তফা, মাসুদ আহমোদ সঞ্জু, নায়েব আলী সর্দার, নাসির উদ্দীন, আব্দুস সামাদ প্রমুখ।

মুক্তিযোদ্ধা কামাল হোসেন এর সঞ্চালনায় সভায় বক্তারা ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের স্মৃতিচারণ করেন এবং বঙ্গবন্ধুর স্বপ্ন বাস্তবায়নে মুক্তিযুদ্ধের চেতনায় যুবসমাজকে কাজ করে যাওয়ার আহবান ব্যক্ত করেন।

মেহেরপুরে শুরু হয়েছে মশক নিধন অভিযান

মুজিববর্ষ উপলক্ষে ডেঙ্গু সম্পর্কে সাধারণ মানুষকে সচেতন করতে মেহেরপুরে শুরু হয়েছে মশক নিধন ও পরিষ্কার পরিচ্ছনতা অভিযান।

রবিবার বিকাল সাড়ে তিনটার দিকে শহরের কোর্ট এলাকা থেকে কাথুলী বাসস্ট্যান্ড পর্যন্ত মশা নিধনের ওষুধ স্প্রে করা হয়। শহরে প্রায় দেড় কিলোমিটার মশক নিধনের ওষুধ স্প্রে করা হয়।

এ সময় শহরের প্রধান প্রধান সড়কসহ প্রতিটি পাড়া মহল্লায় এ ওষুধ স্প্রে করা হবে বলে জানান পৌর মেয়র।

পৌর মেয়র বলেন, কোনভাবেই যাতে এডিস মশা এ এলাকায় বংশ বিস্তার করতে না পারে সে লক্ষে আমাদের সজাগ থাকতে হবে। এছাড়াও প্রতিটি পাড়া মহল্লায় বাড়ির আঙ্গিনা পরিষ্কারের জন্য সাধারণ মানুষকে সচেতন করার লক্ষে বিভিন্ন্ন কর্মসূচি হাতে নেওয়া হবে বলেও জানান

তিনি।

পরে পৌর কর্মচারী জয়নালসহ ২জনে ফগার মেশিন দিয়ে মশা নিধনের ঔষুধ স্প্রে করে। এসময় পৌর কাউন্সিলর আব্দুল্লাহ আল মামুন, বাপ্পি, ইভানসহ কাউন্সিলরগণ সেখানে উপস্থিত ছিলেন।

দর্শনায় ফেনসিডিলসহ ২ জন গ্রেফতার

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে ৩০০ বোতল ফেনসিডিলসহ ২ জনকে গ্রেফতার করা হয়েছে।

দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ মাহাব্বুর রহমান কাজল এর নেতৃত্বে গতকাল রবিবার সকাল ০৭:৪০ ঘটিকায় গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার এস আই সাইফুল ইসলাম এবং এএসআই মহিউদ্দিন সঙ্গীয় ফোর্সসহ দর্শনা থানাধীন নাস্তিপুর গ্রামের গালার মাঠের রাহেদের সেগুন বাগানের সামনে ৩০০ (তিনশত) বোতল ফেন্সিডিলসহ ২ জনকে গ্রেফতার করে।

আসামিরা হলো (০১) মোঃ উজ্জ্বল (৩০), পিতাঃ মোঃ আবুল ফজল, আসামি- (০২) মোঃ শামিম (২৭), পিতাঃ মোঃ বদর উদ্দীন, আসামি দুইজন একই ঝাঁঝাঁডাঙ্গা গ্রামের মাঝ পাড়ার বাসিন্দা ।

পুলিশ জানায় গ্রেপ্তারকৃত ২জন আসামির বিরুদ্ধে মাদক দ্রব্য আইনে মামলা দায়ের করা হয়েছে।

লাউ চাষে লাখোপতি কুষ্টিয়ার ওয়াসিম

লাউ চাষে ওয়াসিমের সাফল্য এসেছে। তিনি কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলার বলিদাপাড়া এলাকার বাসিন্দা। চলতি মৌসুমে লাউ চাষে করে আলোড়ন সৃষ্টি করেছেন তিনি। তার এই এলাকার মাটি ও আবহাওয়া লাউ চাষের উপযোগী হওয়ায় ব্যাপক ফলন হয়েছে। তার এই সাফল্য দেখে অনেকেই লাউ চাষে আগ্রহী হয়ে উঠেছেন।

জানা যায়, নিজের পড়াশুনা শেষ করার পর বেসরকারী একটি প্রতিষ্ঠানে চাকরি শুরু করেছিলেন তিনি। তবে করোনার সময়ে চাকরি চলে যাওয়ায় তার নিজের গ্রামে ফিরে আসেন তিনি। বাড়িতে ফিরে এসে বসে না থেকে বড় ভাইয়ের পরামর্শে শুরু করেন লাউ চাষ।

ফলন ভালো হওয়ায় লাভবান হন তিনি। তার এই লাউয়ের জমিতে কাজ করে বেশ কয়েকজন শ্রমিক তাদের জীবিকা নির্বাহ করছেন।

ওয়াসিম বলেন, দুই বিঘা জমি ইজারা নিয়ে লাউয়ের চাষ করি। সেই জমিতে লাউয়ের চাষ করতে প্রায় ৪০ হাজার টাকা খরচ হয়েছে। আর এখন পর্যন্ত সেই জমিতে প্রায় ১লাখ ৩০ হাজার টাকার লাউ বিক্রি করেছি। আরও যে পরিমাণ লাউ জমিতে আছে সেখান থেকে ৫০ হাজার টাকারও বেশি লাউ বিক্রি করতে পারবো বলে আশা করছি।

ওয়াসিম আরও বলেন, ছোটবেলায় বড় ভাইয়ের সবজি বাগানে লাউসহ বিভিন্ন সবজি চাষের ব্যাপারে অভিজ্ঞতা লাভ করি। এমএ পাশ করে ঢাকায় গিয়ে চাকরি করি। কিন্তু করোনার সময়ে চাকরি চলে যাওয়ায় আবার গ্রামে ফিরে আসি। তখন দেখলাম পুরনো জ্ঞান কাজে লাগিয়ে আরও কৃষি অফিসারের কাছ থেকে পরামর্শ নিয়ে হাইব্রীড জাতের লাউয়ের চাষ শুরু করি। এরপর প্রয়োজনীয় কীটনাশক ও সারের ব্যবহার করি।

তিনি আরও বলেন, আমার লাউ চাষের জমিতে শ্রমিকদের সাথে আমি নিজেও কাজ করি। তবে আমার লাউ ক্ষেতে রাসায়নিক সার ব্যবহারের পাশাপাশি আমাদের দেশীয় সবুজ সারের ব্যবহার করি। আর এইসব সার প্রয়োগের ফলেই আমার লাউয়ের ফলন ভালো হয়েছে।

মিরপুর উপ-সহকারী কৃষি কর্মকর্তা মাহিরুল ইসলাম জানান, এই অঞ্চলে ওয়াসিম লাউ চাষে দৃষ্টান্ত স্থাপন করেছেন। তার দেখাদেখি অনেকেই

লাউ চাষের প্রতি আগ্রহী হয়ে উঠেছেন।

এ অঞ্চলে আগামী বছর লাউ চাষের পরিমাণ আরও বৃদ্ধি পাবে। লাউ চাষের ব্যাপারে আমরা কৃষকদের বিভিন্ন উপায়ে সহযোগিতা করে যাচ্ছি। কৃষকরা লাউ চাষের ব্যাপারে আমাদের সাথে যোগাযোগ করলে আমরা তাদের সহযোগিতা করবো।

মেহেরপুরে দেড় কেজি গাঁজাসহ দুই জন আটক

মেহেরপুরে দেড় কেজি গাঁজাসহ দুই জনকে আটক করেছে মেহেরপুর থানা পুলিশ।

গতকাল রবিবার সন্ধ্যায় মেহেরপুরের আলমপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কাছ থেকে দুজনকে আটক করা হয়। পরে তাদের তল্লাশি করে দেড় কেজি গাঁজা উদ্ধার করা হয়।

আটককৃত মিনা খাতুন কুষ্টিয়ার মিরপুর উপজেলার খারারা গ্রামের লিটন পারমানিকের স্ত্রী এবং বিপ্লব হোসেন মেহেরপুরের গাংনী উপজেলা বেদবাড়িয়া গ্রামের আব্দুর রহিমের ছেলে।

এ ঘটনায় মেহেরপুর সদর থানায় একটি মামলা দায়ের করা হয়েছে

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় একজন নিহত

মেহেরপুরের মুজিবনগরে পাওয়ার ট্রলী ও মটরসাইকেলের সংঘর্ষে মটরসাইকেল চালক সুজন (২০) নামে ১ জন নিহত অপর আরোহি সাহেব আহত

হয়েছে।

নিহত সুজন ইসলাম (২০) চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা থানার আটকবর জগন্নাথপুর গ্রামের মৃত আমিরুল ইসলামের ছেলে সে ইনতেফা বিষ কোম্পানিতে চাকুরি করত। রবিবার রাত ৯ টার দিকে শিবপুর গলাকাটা মোড় হতে টেংরামারি সুটিং মোড়ের মাঝামাঝি স্হানে রাস্তার উপর দূরঘটনা ঘটে।

বিভিন্ন সূত্রে জানা গেছে টেংরামারি সুটিং মোড় হতে পাওয়ার ট্রলি ও মটরসাইকেল চালক সুজন শিবপুর গলাকাটা মোড়ের দিকে আসছিল এ সময় মটরসাইকেল চালক পাওয়ার ট্রলিকে ক্রস করতে গেলে পাওয়ার ট্রলির সামনের চাকার একসেল কেটে মটরসাইকেলকে আঘাত করলে মটরসাইকেল সহ চালক রাস্তার উপর আছড়ে পড়ে এ সময় পাওয়ার ট্রলির চালক পালিয়ে যায় কিছু ক্ষণ পরে কিছু লোক ঐ পথে আসার সময় দেখে একজন মরে পড়ে আছে ওপর জন আহত হয়ে কাতরাচ্ছে তারা মুজিবনগর থানা পুলিশ কে খবর দেয় এবং আহতকে উদ্ধার করে হাসপাতালে প্রেরণ করে।

মুজিবনগর থানার ওসি (তদন্ত)শরিফুল ইসলাম জানান আমরা খবর পেয়ে ঘটনা স্হলে যায় এবং লাশ সহ মটরসাইকেল ও পাওয়ারট্রলি হেফাজতে নিয় এবং বিভিন্ন ভাবে খবর নিয়ে নিহত ও আহতের নাম ঠিকানা জানতে পারি এবং তদন্ত করে জানতে পারাযায় এটি একটি দু:খ জনক সড়ক দূরঘটনা। এ বিষয়ে নিহতের পরিবারের পক্ষে কোন অভিযোগ না থাকায় লাশ পরিবারে কাছে হস্তান্তর করা হয়েছে।